

সূতা গ্রহী দিয়া জোড়াইছে সেই হুকা।
 সূতা পাকাইয়া বাঁধিতেছে ভাঙ্গা মুখ।।’
 পাগল আসিয়া করে তর্জন গর্জন।
 ঠাকুরের হুকা ভাঙ্গিলিরে কোনজন।।
 ঘরে বসি হুকা বাঁধে দীপ আলোকেতে।
 গোস্বামীর ক্রোধবাক্য শুনি ডরে চিতে।।
 ভয়ে দীপ নিভাইল বসে অন্ধকারে।
 গোস্বামী বলেন ‘বেটা আছে এই ঘরে।।
 দীপ নিভাইয়া বেটা বসে রালি ঘরে।
 ভেবেছিস্ আমি বুঝি দেখি নাই তোরে।।
 কিরূপে বাঁধিলি হুকা দীপ জ্বালা দেখি।
 বাঁধন আঁটেনা মোটে তার করিবি কি।।’
 দীপ জ্বালাইয়া হুকা দেখাল তখনে।
 পতিত হইল ভয়ে গোস্বামী চরণে।।
 ‘অপরাধ করিয়াছি প্রভু ক্ষমা চাই।
 হুকা কিনে দিব এনে আঞ্জা কর তাই।।’
 পাগল কহেন মোরা ‘চলে যাব প্রাতেঃ।
 তুই যাবি কতক্ষণে হুকা কিনে দিতে।।
 শীঘ্র করি আন আটালিয়া কালামাটি।
 ভাঙ্গা হুকা জোড়া দিয়া করি পরিপাটি।।’
 সেই মাটি এনে দিল পাগলের ঠাই।
 তেল মাটি দিয়া হুকা জোড়া’ল গোসাই।।
 তামাক সাজিয়া নিল রসুই ঘরেতে।
 হুকা ধরি দিল নিয়া ঠাকুরের হাতে।।
 ‘হস্তধৌত কর প্রভু শেষ কর পাক।
 ধূমপান কর সেজে এনেছি তামাক।।
 অধিকারী হুকা ধরি খাইল তামাক।
 এই নাকি ভাঙ্গা হুকা কই জোড়া ফাঁক।।
 ঠাকুর ধরিয়া হুকা দেখে আগা গোড়া।
 জিজ্ঞাসা করিছে ‘হুকা কোথা দিলে জোড়া?’
 পাগল বলেন ‘হুকা প্রবাসে চলিবে।
 বাড়ী গেলে জোড়া ছেড়ে খসিয়া পড়িবে।।’

অধিকারী, পাক করি বসিলেন খেতে।
 অর্ধ সেবা হইলে পাগল বসে সাথে।।
 খাইল ডাইল, শাক, লাভড়া, ব্যঞ্জন।
 টক, দধি, দুগ্ধ বাকী করিতে ভোজন।।
 হেনকালে পাগল সে পাত্র লয়ে গেল।
 অধিকারী কাছ হতে দূরেতে বসিল।।
 টক-পাত্র দধি-পাত্র চিনি-দুগ্ধ লয়ে।
 একত্র করিয়া সব নিলেন মাথিয়ে।।
 গোস্বামীকে কহে ‘তুমি কর আচমন।
 এ মহাপ্রসাদ আমি করি বিতরণ।।
 আমি তুমি একত্রে খাইব বনমাঝে।
 ইহা খেতে আসিও না শিষ্যের সমাজে।।
 নহে বহিবর্বাটি গিয়া বৈস সেই খানে
 আর কিবা কার্য আছে এ বৃথা চর্চণে।।
 গোস্বামী বসিল গিয়া ভক্তের সমাজে।
 পাগল প্রসাদ বাঁটে সংকীর্তন মাঝে।।
 দধি-দুগ্ধ গোস্বামীর সেবা নাহি হ’ল।
 পাগল সন্মুখ হ’তে কাড়িয়া লইল।।
 অবিবেকী সাধারণ লোক যারা ছিল।
 পাগলের ভাব তারা বুঝিতে নারিল।।
 অনেক লোকের মনে বিদ্রোহ জন্মিল।
 এ লীলা তারকচন্দ্র ভাষায় রচিল।।



গোস্বামীর কার্যে বিদ্রোহ ও অভিযোগ

সবে মিলে কানাকানি করে পরস্পরে।
 এইসব কার্য কি পাগল ভাল করে।।
 ঠাকুরের সন্ত্রম না রাখে এই বেটা।
 বারজাতি মধ্যে কেন এঠে ভাত বাঁটা।।
 কেন ঠাকুরের এক সাথে খেতে বসে।
 দধি-দুগ্ধ না খাইতে কেড়ে নিল শেষে।।